

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ১৭/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক (দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ১৭ ফেব্রুয়ারী ২০১৫ ; দুপুর ১১:০০ টা


উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত :

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাকে তিনি অবহিত করেন যে, গত ১৪/০২/২০১৫ খ্রিঃ এটুআই প্রকল্পেরএর আমন্ত্রণে তিনিও মহাপরিচালক মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ইনোভেশন বিষয়ক একটি ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। ওয়ার্কশপে জানানো হয় যে, এখন থেকে সকল মন্ত্রণালয়/অধিদপ্তর নিজ নিজ বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণকে নতুন নতুন উদ্ভাবনী চিন্তার মাধ্যমে সেবা গ্রহণেচ্ছু জনগণকে কিভাবে কম খরচে ও সময়ে সেবা দেয়া যায় সে বিষয়ে সকলকে উদ্বুদ্ধ করার ব্যবস্থা নিতে হবে। যে কোন উদ্ভাবনের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে যে সেবা গ্রহণেচ্ছুগণকে কম সময়, খরচ ও ভ্রমণে কত বেশী সার্ভিস ডেলিভারী দেয়া সম্ভব। অর্থাৎ সেবায়িত্যগণ কিভাবে T.C.V (T= Time, C=Cost, V=Visit) কমানোর মাধ্যমে তাঁর কাজিত সেবা গ্রহণ করতে পারেন তার কৌশল নিজ নিজ অবস্থান হতে আবিষ্কার/তৈরী/উদ্ভাবন করা। কর্মশালায় আরও জানানো হয় যে, বর্তমানে প্রতিটি দপ্তরে একটি ইনোভেশন টিম থাকলেও এ টিমের পক্ষে সকল ইনোভেশন সম্ভব নয়। কর্মশালায় যোগদানকারীগণ অবহিত হন যে, ইতোমধ্যে বেশকয়েকজন যুব উন্নয়ন কর্মকর্তা এটুআই এর তত্ত্বাবধানে ইনোভেশনের কাজ করছেন। ইনোভেশন টিমের মাধ্যমে দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বর্ণিত উদ্দেশ্য অবহিতকরত তাদের কাছ থেকে ধারণা সংগ্রহ করে বাছাই পূর্বক তা বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।

কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জানুয়ারী-এপ্রিল/২০১৫ মাসে করণীয় কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কর্মকান্ড সম্পর্কিত একটি খসড়া প্রোফাইল উপস্থাপিত হয়। প্রোফাইলের বিভিন্ন আংগিক নিয়ে ব্যাপক আলোচনা ও ভুল-ত্রুটি নিরূপনান্তে সংশোধনের পরামর্শ গৃহীত হয়। তাছাড়া সংক্ষিপ্ত আকারে সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়। শাখা ভিত্তিক ওয়েবপেজ প্রস্তুত ও হালনাগাদ করণের লক্ষ্যে সকল শাখা/উপশাখা প্রধানকে স্ব স্ব শাখার কার্যক্রমের তথ্যাদি (MS Word File) Soft Copy এবং কার্যক্রমের কিছু উল্লেখযোগ্য ছবি আইসিটি শাখায় প্রেরণের ব্যবস্থা নিতে অনুরোধ জানানোর বিষয়ে আলোচনা হয়।

- সুপারিশ : ১। ইনোভেশন টিমের উদ্দেশ্য গঠন ও কার্যাবলী এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের করণীয় বিষয় নির্ধারণ করে জেলার উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের পত্র প্রদান করা হবে।
- ২। বেশ কিছু সংখ্যক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্ব থেকেই ইনোভেশন নিয়ে কাজ করছেন বিধায় তারা কে কি কাজ করছেন সে বিষয়ে খোজ খাবর নিয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।
- ৩। শাখা ভিত্তিক ওয়েবপেজ প্রস্তুতির লক্ষ্যে প্রধান কার্যালয়ের পরিচালক, উপ-পরিচালকগণকে স্ব স্ব শাখা ও উপশাখার কার্যক্রমের তথ্যাদি ১৯-০৩-২০১৫ তারিখের মধ্যে (MS Word File) Soft Copy এবং কিছু গুরুত্বপূর্ণ ছবি যদি থাকে আইসিটি শাখায় পাঠাতে অনুরোধ জানানো হয়।

অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩।

e-mail: ershad.dyd@gmail.com


তারিখঃ ১৬/০২/২০১৫খ্রঃ

স্মরণ নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫- ১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক----- (সকল), প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব----- যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।

শাখা সংশ্লিষ্ট ওয়েবপেজ প্রস্তুত/হালনাগাদ করণের লক্ষ্যে সকল শাখা প্রধানকে স্ব স্ব শাখার কার্যক্রমের তথ্যাদি (MS Word File) Soft Copy এবং কিছু উল্লেখযোগ্য ছবি আইসিটি শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


১৬/০২/২০১৫
(সালেহ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)

ও
সদস্য, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮।

e-mail: ictdyd@gmail.com

পরিশিষ্ট-“ক”

১৭/০২/২০১৫ তারিখ ১১.০০টায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা :
(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	অস্পষ্ট
২.	জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক(পরিকল্পনা) চঃ দাঃ	অস্পষ্ট
৩.	জনাব সালেহ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	অস্পষ্ট
৪.	জনাব মোঃ সুলতান আহমেদ সহকারী পরিচালক (প্রশাসন)	অস্পষ্ট